# আকাশবাণী শিলচর

## REGIONAL NEWS UNIT – SILCHAR

## EVENING NEWS BULLETIN

## BENGALI

**06 FEBRUARY 2025** **7:45—7:55**

---

১)মেঘালয়ের পূর্ব জয়ন্তীয়া পার্বত্য জেলার টাসখাই সুটাঙ্গায় কয়লা খননের সময় ডিনামাইট বিস্ফোরণে আহত কাছাড় জেলার ৫ জন শ্রমিক সঙ্কটজনক অবস্থায় শিলচর মেডিক্যাল কলেজ ও হাসপাতালে চিকিৎসাধীন । মৃতের সংখ্যা বৃদ্ধি পয়ে ১৮ , মৃতের সংখ্যা আরো বৃদ্ধি হওয়ার আশঙ্কা ।

২)এই ঘটনায় কেন্দ্রীয় সরকার মেঘালয় সরকারকে সব ধরণের সহযোগিতা করবে বলে কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহের আশ্বাস।

৩) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর আজ পরীক্ষা-পে-চর্চা অনুষ্ঠানের নবম পর্বে দেশের বিভিন্ন প্রান্তের ছাত্র-ছাত্রীর সঙ্গে মত বিনিময় ।

এবং

৪)আগামী ৯ ফেব্রুয়ারী রাজ্যের চা-শ্রমিদের মধ্যে জমির পাট্টার প্রপত্র বিতরণ ।

---

মেঘালয়ের পূর্ব জয়ন্তীয়া পার্বত্য জেলার টাসখাই সুটাঙ্গায় কয়লা খননের সময় ডিনামাইট বিস্ফোরণে আহত কাছাড় জেলার ৫ জন শ্রমিক সঙ্কটজনক অবস্থায় শিলচর মেডিক্যাল কলেজ ও হাসপাতালে চিকিৎসাধীন রয়েছেন , এদের মধ্যে ৩ জন কাটিগড়ার বাসিন্দা বলে জানা গেছে । মেডিক্যাল কলেজ ও হাসপাতালের উপ-অধিক্ষক ডাক্তার বিকাশ শান্ডিল্য এই তথ্য জানিয়ে বলেছেন যে এই ৫ জন শ্রমিক চিকিৎসালয়ের বার্ণ ইউনিটে চিকিৎসাধীন রয়েছেন । চিকিৎসাধীন শ্রমিকরা হলেন সাইদুর রহমান , রামচন্দ্র বৈষ্ণব , নিজামুদ্দিন , বিষ্ণুধন বৈষ্ণব এবং কৃষ্ণধন বৈষ্ণব ।শ্রী শান্ডিল্য জানান ( বাইট )

এই বিস্ফোরণে পাহাড়ের একটি অংশে ধ্বস নামায় বেশ কয়েকজন শ্রমিক নিহত হওয়ায় মেঘালয় সরকার আজ একটি কেবিনেট বৈঠকে মিলিত হয় । মুখ্যমন্ত্রী কনরাড সাংমা এই ঘটনায় গভীর উদ্বেগ প্রকাশ করেছেন । তিনি এই ঘটনাকে রাজ্যের জন্য অত্যন্ত দু:খজনক বলে উল্লেখ করে এর উপযুক্ত তদন্তের নির্দেশ দেন ।

উল্লেখ্য যে এই ঘটনায় নিহত শ্রমিকের সংখ্যা বৃদ্ধি পেয়ে ১৮ হয়েছে । খনির ভিতরে এখনও অনেক শ্রমিক আবদ্ধ রয়েছেন । ফলে নিহতের সংখ্যা আরো বৃদ্ধি পাবে বলে আশঙ্কা করা হচ্ছে । ঘটনাস্থলে এন ডি আর এফ , এস ডি আর এফ এবং নিরাপত্তা বাহিনীর জোওয়ানরা উদ্ধার অভিযান অব্যাহত রেখেছে ।

---------------------------------------------------------------------------------------

এদিকে , কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ এই ঘটনায় গভীর শোক প্রকাশ করে মেঘালয়ের মুখ্যমন্ত্রী কনরাড সাংমার সঙ্গে বিষয়টি নিয়ে বিস্তারিত আলোচনা করেছেন । শ্রী শাহ বলেছেন যে ইতিমধ্যেই জাতীয় নিরাপত্তা বাহিনীর একটি দলকে কেন্দ্রীয় সরকারের পক্ষ থেকে উদ্ধার কার্যে নিযুক্ত করা হয়েছে এবং প্রয়োজন সাপেক্ষে আরো বাহিনী প্রেরণ করা হবে । আলোচনার সময় শ্রী শাহ মেঘালয়ের মুখ্যমন্ত্রীকে আশ্বাস প্রদান করে বলেছেন যে সম্পর্কে যেকোন ধরণের সহায়তায় কেন্দ্রীয় সরকার প্রস্তুত রয়েছে ।

---------------------------------------------------------------------------------------

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ পরীক্ষা-পে-চর্চা অনুষ্ঠানের নবম পর্বে দেশের বিভিন্ন প্রান্তের ছাত্র-ছাত্রীর সঙ্গে মত বিনিময় করেন । এবারের পর্বে প্রধানমন্ত্রী পরীক্ষার সময় কিভাবে মানসিক চাপ থেকে মুক্ত থাকা যায় এই বিষয়টি নিয়ে ছাত্র-ছাত্রীদের সঙ্গে মত বিনিময় করেন । প্রধানমন্ত্রী ছাত্র-ছাত্রীদের তাদের শিক্ষন পদ্ধতির ওপর বিশ্বাস রাখার পরামর্শ প্রদান করে বলেন যে যেকোন দুজন ব্যাক্তির চিন্তা-ধারা এক হতে পারে না । তিনি বলেন যে প্রত্যেক ছাত্র-ছাত্রীর পড়াশুনার একটি নিদৃষ্ট ধারা থাকে ফলে তাদের নিজেদের প্রস্তুতির ওপর বিশ্বাস রাখা খুব বেশী প্রয়োজন । ছাত্র-ছাত্রীদের তাদের শিক্ষক-শিক্ষিকা এবং অভিভাবকদের পরামর্শ অনুধাবন করতে হবে বলেও প্রধানমন্ত্রী উল্লেখ করেন । একই সঙ্গে তিনি অন্ধের মত অন্যকে অনুকরণ করার পরিবর্তে নিজেদের অভিজ্ঞতা এবং জ্ঞানের যেকোন পরামর্শ গ্রহণ করা উচিৎ বলেও তিনি উল্লেখ করেন । শ্রী মোদী প্রত্যেক শিক্ষক-শিক্ষিকাদের ছাত্র-ছাত্রীদের শিক্ষন ক্ষমতা সংস্পর্কে সংবেদনশীল হতেও পরামর্শ দেন । উল্লেখ্য যে এবার উত্তর গৌহাটির বালিকা উচ্চ মাধ্যমিক বিদ্যালয়ের নবম শ্রেণীর এক জন ছাত্রী এই কার্যসূচিতে অংশ গ্রহণ করে প্রধানমন্ত্রীর সঙ্গে মত বিনিময় করে ।

---

সমগ্র দেশে এ পর্যন্ত ৮ কোটি ৪৭ লক্ষের অধিক কৃষি পরিচয়পত্র বিতরণ করা হয়েছে এবং সরকার ২০২৬-২৭ সালে মোট ১১ কোটি কৃষি পরিচয়পত্র বিতরণ করার লক্ষ্যমাত্রা নির্ধারণ করেছে । রাজ্যসভায় আজ এই মর্মে উত্থাপিত একটি অতিরিক্ত প্রশ্নের উত্তরে কেন্দ্রীয় কৃষিমন্ত্রী শিবরাজ সিং চৌহান এ কথা জানিয়ে বলেন যে বর্তমানে আসাম সহ মোট ১৯টি রাজ্যে কৃষি পরিচয় পত্র বিতরণের কাজ অব্যাহত রয়েছে । উল্লেখ্য, কৃষি মন্ত্রী জানান যে মোট ২ কোটি ৯০ লক্ষ কৃষক জাতীয় শষ্য বীমা পোর্টালের সঙ্গে যুক্ত রয়েছেন । তিনি বলেন যে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর নেতৃত্বে বর্তমান কেন্দ্রীয় সরকার কৃষকদের আয় বৃদ্ধি , খাদ্যের নিরাপত্তা এবং পুষ্টিকর খাদ্য নিশ্চিত করার বিষয়টির ওপর বিশেষ ভাবে গুরুত্ব আরোপ করেছে ।

---

রাজ্যে বিগত পাঁচ বছরে তেল ও প্রাকৃতিক গ্যাস নিগম লিমিটেড দ্বারা পরিচালিত তেল ও গ্যাস ক্ষেত্রসমূহতে গ্যাস নির্গমন ও তেল কূপে আগুন লাগার ছটি গুরুতর ঘটনা সংঘটিত হয়েছে এবং এধরণের ঘটনায় তিনজন লোকের মৃত্যু হয়েছে । লোকসভায় গতকাল সাংসদ কালীচরণ সিংয়ের এক প্রশ্নের উত্তরে পেট্রোলিয়াম ও প্রাকৃতিক গ্যাস দপ্তরের প্রতিমন্ত্রী সুরেশ গোপী একথা জানান । তিনি বলেন যে তেল ও প্রাকৃতিক গ্যাস নিগম লিমিটেড এই ঘটনা সংক্রান্ত একাংশ দোষী আধিকারিকদের বিরুদ্ধে শাস্তিমূলক ব্যাবস্থা গ্রহণ করেছে । মন্ত্রী বলেন যে  তেল ও প্রাকৃতিক গ্যাস নিগম লিমিটেড তেল ও গ্যাস আহরণের সময়ে সুরক্ষা বিষয়ক সাম্প্রতিক নীতি নিয়ম অনুসরণ করে এবং নিয়মিতভাবে সুরক্ষার বিষয়টি পরীক্ষা করে । খনি সুরক্ষা সঞ্চালকালয় এবং তেল উদ্যোগ সুরক্ষা সঞ্চালকালয়ও সময়ে সময়ে এধরণের পরীক্ষা করে বলে মন্ত্রী জানান ।

---

আগামী ৯ ফেব্রুয়ারী চা শ্রমিকের জমির পাট্টার জন্য কেন্দ্রীয়ভাবে প্রপত্র বিতরণ করা হবে । সেইদিনই মূখ্যমন্ত্রী ড.হিমন্ত বিশ্ব শর্মা দিনজয় চা বাগান থেকে কেন্দ্রীয়ভাবে প্রপত্র বিতরণের কাজের শুভারম্ভ করবেন এবং রাজ্যের ৮৩৬ টি বাগানের প্রপত্র বিতরণের কাজ আরম্ভ হবে । পাট্টা লাভ করা জমি ২০ বছর পর্যন্ত বিক্রয় করা যাবে না  এবং ২০ বছর পর বিক্রয় করতে হলে  একই বাগানের শ্রমিকের কাছে বিক্রয় করতে হবে । রাজস্ব ও দূর্যোগ ব্যাবস্থাপনা বিভাগের মন্ত্রী কেশব মহন্ত গতকাল কলিয়াবরে বেশকয়েকটি প্রকল্পের ভিত্তিপ্রস্তর স্থাপন করে একথা জানান । সরকারী বিদ্যালয়ের পরিকাঠামো উন্নয়নের মাধ্যমে শিক্ষাক্ষেত্রে আমূল পরিবর্তন করার জন্য

সরকারের প্রয়াসের অংশ হিসেবে তিনি গতকাল কলিয়াবর বিধানসভা কেন্দ্রের জখলাবান্ধা বিদ্যালয়ের নবনির্মিত গ্রন্থাগারের উদ্বোধন করেন এবং বিজ্ঞান পরীক্ষাগার ও বিদ্যালয় গৃহের ভিত্তিপ্রস্তর স্থাপন করা সহ মূখ্যমন্ত্রীর বিশেষ প্রকল্পের অধীনে ছাত্র ছাত্রীদের মধ্যে সাইকেল বিতরন করেন ।

---------------------------------------------------------------------------------------

ধলাই-র বিধায়ক নীহার রঞ্জন দাস বড়জালেঙ্গা ও পালংঘাট উন্নয়ন খন্ডের অধীন বিভিন্ন স্থানে মোট নয়টি পূর্ত সড়কের শিলান্যাস করেন । এরমধ্যে আইরংমারা - হরিনগর পূর্ত সড়ক নির্মানের জন্য এক কোটী ২০ লক্ষ , ছোট জালেঙ্গা পূর্ত সড়কের জন্য এক কোটী ২৩ লক্ষ , ধোয়ারবন্দ মালিবস্তী গ্রামীন সড়কের জন্য ৮৭ লক্ষ , প্রতাপপুর প্রধানমন্ত্রী গ্রামীন সড়ক যোজনা থেকে সোনাছড়া সেতু পর্য্যন্ত পূর্ত সড়ক নির্মানের জন্য এক কোটী ৪০ লক্ষ ,বাগবাহার মুড়াবস্তির সড়ক নির্মানের জন্য এক কোটী ৪০ লক্ষ , ধোয়ারবন্দ দক্ষিনটীলা সড়ক নির্মানের জন্য এক কোটী ২০ লক্ষ টাকার প্রকল্প রয়েছে । আজকের শিলান্যাস অনুষ্ঠানে বিজেপি বড়জালেঙ্গা মন্ডল সভাপতি অজয় দেব , জেলা পরিষদ সদস্য ধর্মেন্দ্র তিওয়ারী প্রমূখ উপস্থিত ছিলেন ।

---------------------------------------------------------------------------------------

শ্রীভূমি জেলায় হাইস্কুল শিক্ষান্ত পরীক্ষা ও উচ্চতর মাধ্যমিক পরীক্ষা সুষ্ঠ, শান্তিপূর্ন এবং সুশৃংখলভাবে সম্পন্ন করার জন্য জেলা প্রশাসন থেকে ভারতীয় নাগরিক সুরক্ষা সংহিতার ১৬৩ ধারার অধীনে কিছু নিষেধাজ্ঞা জারী করা হয়েছে । নিষেধাজ্ঞা বলা হয়েছে যে পরীক্ষা কেন্দ্রের ভিতরে এবং পরীক্ষা কেন্দ্রের একশ মিটার ব্যাসার্ধের মধ্যে অনুমোদনহীন ব্যাক্তির এবং অহেতুক ভীড় জমানো সম্পূর্ন নিষিদ্ধ থাকবে । এছাড়া পরীক্ষার্থীদের জন্য পরীক্ষা হলে মোবাইল ফোন বা কোন ধরনের ইলেকট্রনিক ডিভাইস বহন করা কঠোরভাবে নিষিদ্ধ থাকবে । পরীক্ষা কেন্দ্রের একশ মিটারের মধ্যে কোন প্রকার অস্ত্র , বিস্ফোরক বা সন্দেহজনক বস্তু বহন করা যাবে না । পরীক্ষা প্রক্রিয়া শেষ না হওয়া পর্য্যন্ত এই নির্দেশ বহাল থাকবে বলে জানানো হয়েছে ।

---------------------------------------------------------------------------------------

ভারতীয় জনতা পার্টির শ্রীভূমি জেলা শাখার উদ্যোগে আজ শ্রীভূমি দলীয় কার্য্যলয়ে সদ্য কেন্দ্রীয় সরকারের উত্থাপিত বাজেট নিয়ে একটি আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে । জেলা সভাপতি সঞ্জীব বনিকের পৌরহিত্যে আয়োজিত সভায় রাজ্যের পশু পালন ও পশু চিকিৎসা বিভাগের মন্ত্রী কৃষ্ণেন্দু পাল কেন্দ্রীয় বাজেটের বিভিন্ন দিক নিয়ে আলোচনা করেন । মন্ত্রী শ্রীপাল বলেন যে চলতি বছরের বাজেট একটি আত্ম-নির্ভর ও সমৃদ্ধ ভারত গড়ার সরকারের সুদূর প্রসারী দৃষ্টিভঙ্গির প্রতিফলন । আজকের সভায়

বিধায়ক বিজয় মালাকার , জেলা পরিষদের সদস্য অনিল কুমার ত্রিপাঠী , পৌরসভাপতি রবীন্দ্র চন্দ্র দেব প্রমূখ উপস্থিত ছিলেন ।

--------------------------------------------------------------------------------

শিলচর রাধামাধব কলেজের সামাজিক সপ্তাহ আজ পুরস্কার বিতরনী অনুষ্ঠানের মধ্য দিয়ে শেষ হয়েছে । কলেজের উপাধ্যক্ষ ডক্টর রাহুল চক্রবর্তীর পৌরহিত্যে আয়োজিত পুরস্কার বিতরনী অনুষ্ঠানে সপ্তাহব্যাপী ইনডোর ও আউটডোর খেলার বিজয়ী প্রতিযোগীদের হাতে পুরস্কার তুলে দেওয়া হয়েছে ।

--------------------------------------------------------------------------------

হাইলাকান্দি জেলার বিদ্যালয় সমূহের পরিদর্শক এক বিজ্ঞপ্তীতে জানিয়েছেন যে জেলার দক্ষিন হাইলাকান্দির ঘাড়মূড়া রেঞ্জের দামছড়ার সব শিক্ষা প্রতিষ্ঠানে আগামীকাল থেকে যথারীতি পাঠদান শুরু হবে । দামছড়ায় বন বিভাগের উচ্ছেদ অভিযানের পরিপ্রেক্ষিতে ছাত্র-ছাত্রীদের নিরাপত্তার স্বার্থে সব ধরনের শিক্ষা প্রতিষ্ঠান গত তেসোরা ফেব্রুয়ারী থেকে বন্ধ রাখা হয়েছিলো । আগামীকাল থেকে শিক্ষা প্রতিষ্ঠানগুলিতে পাঠদান স্বাভাবিক হবে বলে জানানো হয়েছে ।

--------------------------------------------------------------------------------